# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৩৫. রাসূলুল্লাহ (স)-এর দাড়ি কিরূপ ছিল? তিনি কি তা কাটছাট করতেন?

জাবের ইবনে সামুরা (রা) বলেন, রাসূলুল্লাহ (স)-এর দাড়িতে প্রচুর চুল ছিল (মুসলিম)। অপর এক হাদীসে আলী (রা) বলেন, তাঁর (স) দাড়ি ছিল খুব ঘন (আহমাদ)। তিরমিযীর একটি হাদীসে আছে, রাসূলুল্লাহ (স) তাঁর দাড়ি দৈর্ঘ্যে ও প্রস্থে কিছুটা খাটো করেছেন। কিন্তু এর বর্ণনাকারীদের মধ্যে উমর আল বালখী নামে একজন মিথ্যাবাদী লোক থাকায় এটি বাতিল হাদীস হিসেবে গণ্য। অতএব নবী (স) তাঁর দাড়ি কিছুটা হলেও কাটছাট করেছেন এ মর্মে কোন বিশুদ্ধ দলীল-প্রমাণ নেই ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12769

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন